অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/10/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সামুদ্রিক স্তন্যপায়ী প্রাণীদের সুরক্ষা এবং নৌযান চালকদের নিরাপত্তা বাড়াতে New York Whale Awareness Act-এ স্বাক্ষর করলেন

স্টেটের নৌযান চালকদের নিরাপত্তা কোর্সকে সামুদ্রিক স্তন্যপায়ী প্রাণীদের সুরক্ষার সাথে যুক্ত করে এবং অতি প্রয়োজনীয় শিক্ষামূলক উপকরণ তৈরি করে

গভর্নরের New York Whale Awareness Act-এ স্বাক্ষর করার ছবি এখানে পাওয়া যাবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) New York Whale Awareness Act (A.8515A/S.2292B)-এ আইন হিসেবে স্বাক্ষর করেছেন, যা ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশনকে (Department of Environmental Conservation, DEC) নিউ ইয়র্ক স্টেটের (New York State, NYS) জলসীমায় সামুদ্রিক স্তন্যপায়ী প্রাণীদের সাথে সংস্পর্শ কমানো এবং নৌযানের ধাক্কা প্রতিরোধের জন্য তৈরি সামগ্রিক শিক্ষামূলক নির্দেশিকা ও সুপারিশ প্রতিষ্ঠা করার নির্দেশ দেয়।

"নিউ ইয়র্কের সমুদ্রের জলসীমা গত কয়েক দশকের মধ্যে এখন সব থেকে বেশি পরিষ্কার এবং প্রাণবন্ত, যা অসাধারণ সামুদ্রিক প্রাণীদের আবার আমাদের উপকূলে নিয়ে আসছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "তবে, দেশের সব থেকে ব্যস্ত অঞ্চলগুলির একটিতে চলাচলকারী তিমির সংখ্যা বৃদ্ধি পাওয়ায় নৌযান চালক এবং সামুদ্রিক স্তন্যপায়ী প্রাণীদের উভয়ের জন্যই গুরুতর ঝুঁকি তৈরি হচ্ছে। New York Whale Awareness Act নিশ্চিত করে যাতে আমাদের স্টেটের জলপথ উপভোগ করা প্রত্যেকের কাছে নিরাপদে চলাচল করা, বিপজ্জনক সংঘর্ষ এড়িয়ে চলা এবং এই বিশেষ প্রাণীগুলিকে সুরক্ষিত রাখার জন্য প্রয়োজনীয় উপকরণ ও জ্ঞান থাকে।"

এই বিধিমালা তিমিদের জন্য নিরাপদ এমন নৌযান চালানোর বিষয়ে শিক্ষা সরাসরি স্টেটের বিদ্যমান নৌযান চালকদের নিরাপত্তা কোর্স এবং নৌযান নিবন্ধন প্রক্রিয়ার সাথে যুক্ত করে। নৌযান চালকদের মানসম্মত সেরা অনুশীলন এবং সংঘর্ষ প্রতিরোধের কৌশল সম্পর্কে শিক্ষা দিয়ে, এই উদ্যোগের উদ্দেশ্য হলো আরো নিরাপদে চলাচলের অভ্যাসকে উৎসাহিত করা এবং হাম্পব্যাক তিমি ও গুরুতরভাবে বিপন্ন নর্থ আটলান্টিক (North Atlantic) রাইট তিমিসহ স্থানীয় সামুদ্রিক প্রাণীদের মধ্যে দুর্ঘটনাজনিত আঘাত ও মৃত্যু প্রতিরোধ করা।

নিউ ইয়র্কের উপকূলরেখার কাছে তিমি দেখার ঘটনা বৃদ্ধি পেয়েছে, যা নৌযান চালকদের শিক্ষাকে সময়োপযোগী করার প্রয়োজনীয়তাকে তুলে ধরছে। নিউ ইয়র্কের স্থানীয় জলসীমায় বিনিয়োগ ও পুনরুদ্ধার এবং মৎস্যসম্পদ ব্যবস্থাপনা উন্নত করতে গভর্নর Hochulএর (হোকল) প্রচেষ্টার ফলে মাছের সংখ্যা বৃদ্ধি পেয়েছে, যার ফলে আরো বেশি তিমি স্টেটের জলপথে ফিরে এসেছে। আরো বেশি তিমি ফিরে আসায়, সামুদ্রিক বন্যপ্রাণী সুরক্ষার জন্য নৌযান চালকদের যথাযথভাবে শিক্ষিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশনের কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফটন) বলেন, "সংরক্ষণ এবং পানির মান সম্পর্কিত পদক্ষেপের কারণে আমরা আমাদের জলসীমায় সামুদ্রিক প্রাণীদের পুনরুত্থান দেখেছি, এবং তিমিরা সেই ইকোসিস্টেমের একটি অতি গুরুত্বপূর্ণ অংশ। নৌযানের ধাক্কা সম্পর্কে প্রচার ও জনশিক্ষা জোরদার করতে এবং নৌযান চালকদের জন্য তিমিদের সাথে নিরাপদে আমাদের জলসীমা ভাগ করে নিতে সাহায্য করে এমন ব্যবহারিক নির্দেশিকা প্রতিষ্ঠা করতে New York Whale Awareness Act-এ আইনে স্বাক্ষর করার জন্য DEC গভর্নর Hochul-এর (হোকল) প্রতি কৃতজ্ঞ। সংরক্ষণ এবং জনসচেতনতা একত্রিত করার মাধ্যমে আমরা এই অসাধারণ প্রাণীগুলিকে সুরক্ষিত রাখতে অর্থপূর্ণ পদক্ষেপ নিচ্ছি এবং একই সাথে নিশ্চিত করছি যাতে নিউ ইয়র্কের উপকূলীয় জলসীমা বন্যপ্রাণী এবং তা উপভোগ করা নিউ ইয়র্কবাসীদের জন্য নিরাপদ ও টেকসই হয়ে থাকে।"

নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজারভেশনের (Office of Parks, Recreation and Historic Preservation, OPRHP) কমিশনার Kathy Moser (ক্যাথি মোজার) বলেন, "নিউ ইয়র্কের জলপথ সুরক্ষা ও সংরক্ষণের জন্য গভর্নর Hochul-এর (হোকল) প্রতিশ্রুতি আরো স্বাস্থ্যকর সামুদ্রিক ইকোসিস্টেম তৈরি করতে এবং মাইগ্রেটরি তিমি ও অন্যান্য সামুদ্রিক স্তন্যপায়ী প্রাণীদের আমাদের উপকূলরেখায় ফিরে আসতে সাহায্য করেছে। এই অসাধারণ প্রাণীগুলিকে আরো বেশি দেখতে পাওয়া যাচ্ছে, তাই নৌযান চালকদের জন্য কীভাবে তাদের চারপাশে নিরাপদে সঠিকভাবে চলাচল করতে হয় তা বুঝতে পারা অত্যন্ত গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্কের নৌযান নিরাপত্তা কোর্সগুলিতে তিমি নিরাপত্তা বিষয়ক নির্দেশনা যোগ করার মাধ্যমে আমরা বিনোদনমূলক নৌযান চালকদেরকে বন্যপ্রাণী সুরক্ষিত রাখতে, নিজেদের ও যাত্রীদের নিরাপদ রাখতে, এবং দায়িত্বশীলভাবে আমাদের জলসীমা উপভোগ করতে সাহায্য করছি।"

স্টেটের সিনেটর Pete Harckham (পিট হারখ্যাম) বলেন, "নিউ ইয়র্কের উপকূলীয় জলসীমায় নৌযানের ধাক্কায় তিমির মৃত্যুর সংখ্যা উল্লেখযোগ্যভাবে বেড়েছে, এবং আমাদের সামুদ্রিক ইকোসিস্টেমের স্বাস্থ্যের জন্য গুরুত্বপূর্ণ এই অসাধারণ স্তন্যপায়ী প্রাণীদের সুরক্ষা করার ক্ষেত্রে আমাদের কিছু দায়িত্ব আছে। Whale Awareness Act নৌযান চালকদের সামুদ্রিক প্রাণীদের চারপাশে দায়িত্বশীল ও নিরাপদভাবে চলাচলের জন্য প্রয়োজনীয় তথ্য রয়েছে তা নিশ্চিত করার মাধ্যমে এমন সব দুর্ঘটনা প্রতিরোধে সাহায্য করবে যা সহজেই এড়ানো সম্ভব। এই গুরুত্বপূর্ণ বিধিমালায় স্বাক্ষর করে এটিকে আইনে পরিণত করার জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) এবং আইনসভায় (Legislature) এই পদক্ষেপটি অগ্রসর করতে তার পার্টনারশিপের জন্য অ্যাসেম্বলির সদস্য Kassay-কে (ক্যাসি) ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলির সদস্য Rebecca Kassay (রেবেকা ক্যাসি) বলেন, "নিউ ইয়র্কের উপকূলরেখায় তিমি এবং অন্যান্য সামুদ্রিক স্তন্যপায়ী প্রাণীদের ফিরে আসা গত অর্ধশতাব্দী ধরে আমাদের সামুদ্রিক পরিবেশ পুনরুদ্ধার ও সুরক্ষার ক্ষেত্রে অর্জিত অগ্রগতির প্রমাণ। এই অসাধারণ প্রাণীগুলিকে আরো বেশি দেখা যাচ্ছে, তাই নিউ ইয়র্ক স্টেট নৌযান চালকদেরকে আমাদের জলপথে তাদের সাথে নিরাপদে অবস্থান করার জন্য প্রয়োজনীয় জ্ঞান দেওয়ার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ। Whale Awareness Act বিদ্যমান নৌযান নিরাপত্তা কোর্স এবং নৌযান নিবন্ধন উপকরণগুলিতে তিমি নিরাপত্তা বিষয়ক নির্দেশনা যোগ করে বাস্তবসম্মত, শিক্ষাকে অগ্রাধিকার দেওয়া একটি পদ্ধতি গ্রহণ করছে। এই বিধিমালায় স্বাক্ষর করার জন্য এবং আমাদের সামুদ্রিক বন্যপ্রাণী সুরক্ষা, নৌযান চালক ও প্রাণী উভয়ের জন্য আমাদের জলপথ নিরাপদ রাখার জন্য নিউ ইয়র্কের প্রতিশ্রুতিকে আরেকবার প্রমাণ করার জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলির সদস্য Tommy John Schiavoni (টমি জন শিয়াভনি) বলেন, "গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বে নিউ ইয়র্ক স্টেট আবারও আমাদের প্রাকৃতিক পরিবেশ পুনরুদ্ধার ও সুরক্ষায় নেতৃত্ব দিচ্ছে। আমাদের আটলান্টিক উপকূলরেখা একটি মূল্যবান সম্পদ যার প্রতি আরো বেশি মনোযোগ দেওয়া দরকার, এবং নীতিনির্ধারক ও স্থানীয় পার্টনারদের কয়েক দশকের কাজের কারণে আমাদের সমুদ্রের জলসীমা আগের যেকোনো সময়ের থেকে বেশি পরিষ্কার, এবং আমাদের মাছের মজুত প্রতি বছর উন্নত হচ্ছে, যার ফলে তিমি দেখার ঘটনা বৃদ্ধি পাচ্ছে। Whale Awareness Act-এর একজন কো-স্পন্সর হিসেবে, আমি এই উদ্যোগকে সমর্থন করতে পেরে গর্বিত যা সামুদ্রিক প্রাণীদের মধ্যে আরো নিরাপদ থাকা সম্ভব করবে এবং পানিতে থাকা প্রত্যেককে সুরক্ষিত রাখবে।"

সাফোক (Suffolk) কাউন্টির আইনসভার সদস্য Ann Welker (অ্যান ওয়াকার) বলেন, "আমাদের অঞ্চল আমাদের সমুদ্রের জলসীমা এবং সেখানে বসবাসকারী সামুদ্রিক প্রাণীদের সঙ্গে গভীরভাবে সংযুক্ত। আমাদের সংস্কৃতি, আমাদের ঐতিহ্য, এবং আমাদের জীবিকা আটলান্টিক মহাসাগরের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। সামুদ্রিক নিরাপত্তা এবং সামুদ্রিক প্রাণীদের সাথে থাকার বিষয়ে শিক্ষা ও সচেতনতা প্রদানকারী এই বিধিমালা আমাদের কমিউনিটিগুলিকে লাভবান করবে, কারণ আমরা আমাদের প্রাকৃতিক পরিবেশে ভাগ করে নেওয়া, সুরক্ষা করা এবং বসবাস করার আরো ভালো উপায় শিখছি। এই গুরুত্বপূর্ণ উদ্যোগ শুরু করার জন্য গভর্নর Hochul (হোকল) এবং আমাদের NYS-এর আইনপ্রণেতাদের ধন্যবাদ।"

ইস্ট হ্যাম্পটন টাউনের (East Hampton Town) সুপারভাইজার Kathee Burke-Gonzalez (ক্যাথি বার্ক-গঞ্জালেস) বলেন, "আমাদের উপকূলের ঠিক কাছে পানিতে তিমিদের আসতে দেখা সত্যিই বিশেষ একটি অভিজ্ঞতা। এটি আমাদের মনে করিয়ে দেয় যে ইস্ট হ্যাম্পটনকে নিজেদের বাড়ি বলতে পারা আমাদের জন্য কতটা সৌভাগ্যের, এবং আমরা যে জলসীমা আছে তার যত্ন নেওয়া কতটা গুরুত্বপূর্ণ। New York Whale Awareness Act নৌযান চালকদের সামুদ্রিক স্তন্যপায়ী প্রাণীদের সুরক্ষা এবং জলসীমায় তাদের সাথে মুখোমুখি হওয়ার বিপদ প্রতিরোধে সাহায্য করার জন্য ব্যবহারিক তথ্য .দিবে এই বিধিমালায় স্বাক্ষর করার জন্য আমরা গভর্নর Hochul-কে (হোকল), এবং এটিকে অগ্রসর করতে কাজ করার জন্য সিনেটর Pete Harckham (পিট হারখ্যাম), অ্যাসেম্বলির সদস্য Rebecca Kassay (রেবেকা

ক্যাসি), সিনেটর Anthony Palumbo (অ্যান্থনি পালুম্বো) এবং অ্যাসেম্বলির সদস্য Tommy John Schiavoni-কে (টমি জন শিয়াভনি) ধন্যবাদ জানাচ্ছি।"

Citizens Campaign for the Environment-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Adrienne Esposito (এড্রিয়েন এস্পোজিটো) বলেন, "তিমি আমাদের গ্রহের সব থেকে বড় এবং সবচেয়ে মহিমান্বিত সামুদ্রিক স্তন্যপায়ী প্রাণীদের মধ্যে একটি, এবং তারা আমাদের নিউ ইয়র্কের উপকূলের ঠিক কাছেই রয়েছে। নিউ ইয়র্কের সমুদ্র সংরক্ষণ প্রচেষ্টাগুলি আমাদের জলসীমায় তিমির সংখ্যা বাড়াতে সাহায্য করেছে, এবং তিমিরা এখানে আরো লম্বা সময় ধরে অবস্থান করছে। দুঃখজনকভাবে, তিমির মৃত্যুর সব থেকে বড় কারণ হলো নৌযানের ধাক্কা। সংঘর্ষ ও হয়রানি কমাতে এবং তিমির সংখ্যা সুরক্ষিত রাখতে নৌযান চালকদের শিক্ষা অত্যন্ত জরুরি। কোনো তিমি দেখতে পেলে কীভাবে নিরাপদে প্রতিক্রিয়া জানাতে হবে তা যাতে নৌযান চালকরা বুঝতে পারেন সেটি নিশ্চিত করার জন্য এই এডুকেশন বিলটি অপরিহার্য। ভালো ছবি তোলার জন্য তাদের তিমিদের দিকে দ্রুত এগিয়ে যাওয়া উচিত নয়, বরং দূরে থাকা উচিত অথবা ইঞ্জিন বন্ধ করে দেওয়া উচিত, যাতে প্রপেলার স্তন্যপায়ী প্রাণীটির ক্ষতি না করে। সত্যি এই যে, এই বিস্ময় জাগানো প্রাণীদের কাছাকাছি যাওয়ার জন্য আমাদের উৎসাহ তাদের এবং আমাদের ক্ষতি করতে পারে! গভর্নর Hochul (হোকল) আমাদের সমুদ্র সহ আমাদের জলসীমার সুরক্ষা ও পুনরুদ্ধারের একজন অবিচল সমর্থক। নিউ ইয়র্কে তিমি প্রজাতি এবং নৌযান চালকদের সুরক্ষা দিতে এই বিলে স্বাক্ষর করার জন্য আমরা গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি।"

The Nature Conservancy-এর নিউ ইয়র্ক ওশেন্স ও ফিশারিজের ডিরেক্টর Carl LoBue (কার্ল লবু) বলেন, "নৌযান চালকদের নিরাপদে সমুদ্রে চলাচল করতে, তাদের যাত্রীদের ও আমরা যে অসাধারণ তিমিদের সাথে আমাদের জলসীমা ভাগ করে নিই তাদের সুরক্ষা দিতে সাহায্য করার এই বিধিমালা পাশ করার জন্য The Nature Conservancy গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছে। কয়েক দশকের সংরক্ষণ প্রচেষ্টার ফলে নিউ ইয়র্কের উপকূলীয় জলসীমা তিমিসহ সামুদ্রিক প্রাণীতে সমৃদ্ধ হয়ে উঠেছে। কিন্তু তাদের ফেরত আসার সাথে অতিরিক্ত দায়িত্বও এসেছে। মানুষ ও বন্যপ্রাণীর জন্য সামুদ্রিক নিরাপত্তা উন্নত করার জন্য আমরা গভর্নর Hochul (হোকল), স্টেটের আইনসভা, এবং আমাদের স্টেট এজেন্সিগুলিকে ধন্যবাদ জানাচ্ছি।"

Sierra Club Atlantic Chapter-এর কনজার্ভেশন স্টাফ বায়োলজিস্ট Elizabeth Ahearn (এলিজাবেথ আহার্ন) বলেন, "আমাদের উপকূলীয় জলসীমায় নিরাপদ ও দায়িত্বশীলভাবে নৌযান চালানোর প্রচারে শিক্ষা আমাদের কাছে থাকা সব থেকে কার্যকর সংরক্ষণ সরঞ্জামগুলির একটি। Whale Awareness Act নৌযান চালকদের নৌযানের ধাক্কা এবং সামুদ্রিক স্তন্যপায়ী প্রাণীদের সাথে ক্ষতিকর আচরণ এড়াতে সাহায্য করার জন্য ব্যবহারিক, বিজ্ঞানভিত্তিক শিক্ষা প্রদান করবে। এই বিধিমালাটি নিউ ইয়র্ককে স্টেটের সব থেকে মহিমান্বিত সামুদ্রিক বন্যপ্রাণীর কয়েকটিকে সুরক্ষিত রাখতে, সামুদ্রিক নিরাপত্তা বাড়াতে, সংরক্ষণে দায়িত্বশীলতা উৎসাহিত করতে, এবং আমাদের সমুদ্রের সামগ্রিক স্বাস্থ্য উন্নত করতে অর্থপূর্ণ ভূমিকা পালনের সুযোগ দিবে। জনশিক্ষার প্রসারের মাধ্যমে, Whale Awareness Act এমন একটি ভবিষ্যৎ গড়ে তুলতে সাহায্য করবে যেখানে মানুষ এবং তিমি নিউ ইয়র্কের জলসীমায় নিরাপদে এক সাথে অবস্থান করতে পারবে।"

Concerned Citizens of Montauk-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Kay Tyler (কে টাইলার) বলেন, "তিমি আমাদের সামুদ্রিক ইকোসিস্টেমের একটি অপরিহার্য অংশ এবং আমাদের উপকূলীয় জলসীমার সমৃদ্ধি ও স্থিতিশীলতার কথা দৃঢ়ভাবে মনে করিয়ে দেয়। মন্টাকে (Montauk), যেখানে তিমি দেখার ঘটনা আমাদের কমিউনিটির চরিত্রের একটি বিশেষ অংশ হয়ে উঠেছে, সেখানে এই মহিমান্বিত প্রাণীগুলিকে সুরক্ষিত রাখার জন্য আমাদের সবার যৌথ দায়িত্ব রয়েছে। Whale Awareness Act বুঝতে পারে যে সংরক্ষণ শিক্ষা দিয়ে শুরু হয়, এবং নৌযান চালকদের কাছে তথ্য থাকলে তা ক্ষতি কমাতে এবং এই আইকনিক প্রজাতিগুলি যাতে নিউ ইয়র্কের জলসীমায় সমৃদ্ধি করতে থাকতে পারে তা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। ভবিষ্যৎ প্রজন্মের জন্য আমাদের সামুদ্রিক বন্যপ্রাণী সুরক্ষায় এই বাইপার্টিসান প্রচেষ্টা অগ্রসর করার জন্য গভর্নর Hochul (হোকল) এবং আইনপ্রণেতাদের প্রতি আমরা কৃতজ্ঞ।"

মন্টক চেম্বার অফ কমার্সের (Chamber of Commerce) প্রেসিডেন্ট Leo Daunt (লিও ডন্ট) বলেন, "মন্টকের পরিচয়, অর্থনীতি এবং জীবনযাত্রা সবসময় সমুদ্রের সাথে যুক্ত। নিউ ইয়র্কের অন্যতম প্রধান মাছ ধরা এবং তিমি দেখার কমিউনিটি হিসেবে, আমাদের জলসীমায় সামুদ্রিক প্রাণীর অসাধারণ পুনরুত্থান এবং তা সুরক্ষিত রাখার জন্য আমাদের দায়িত্ব, দুটিই আমরা সরাসরি দেখতে পাচ্ছি। মন্টক চেম্বার অফ কমার্স দৃঢ়ভাবে New York Whale Awareness Act এবং নৌযান চালক, জেলে, দর্শনার্থী ও বাসিন্দাদের সামুদ্রিক স্তন্যপায়ী প্রাণীদের সাথে নিরাপদে জলসীমা ভাগ করে নেওয়ার জন্য প্রয়োজনীয় তথ্য দেওয়ার ব্যাপারে এর মনোযোগকে সমর্থন করে। আমাদের তিমি এবং আমাদের জলসীমা সুরক্ষিত রাখলে তা নিশ্চিত করবে যাতে ভবিষ্যৎ প্রজন্ম মন্টককে এত বিশেষ একটি স্থান করে রাখা বৈশিষ্ট্যগুলির একটিকে উপভোগ করতে থাকতে পারে।"

Montauk Historical Society-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Mia Certic (মিয়া সার্টিক) বলেন, "নৌযান চালক এবং সামুদ্রিক স্তন্যপায়ী প্রাণী সকলের জন্য আমাদের জলসীমাকে আরো নিরাপদ করবে এমন একটি বিলে স্বাক্ষর করার জন্য আমরা গভর্নর Hochul-এর (হোকল) কাছে অত্যন্ত কৃতজ্ঞ, এবং তিনি Montauk Point Lighthouse-এ এসে এতে স্বাক্ষর করেছেন বলে আমরা সম্মানিত হয়েছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।